

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক-৪৭.৬২.০০০০.৯৬৬.০১.০৩১.২৩- ২৭০

তারিখ: ২৭/০২/২০২৫খ্রি.

বিষয়: ২০২১-২২, ২০২২-২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরের নিরীক্ষাকরণ।


সূত্র: ৮২.২১.০০০০.০০১.৪৮.০০১.২৫-১০৬(১৪), তারিখ: ২৭/০২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রকল্পের ২০২১-২২, ২০২২-২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরের নিরীক্ষা স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর কর্তৃক ০২/০৩/২০২৫ খ্রি. হতে ২০/০৩/২০২৫ খ্রি. পর্যন্ত অডিট কার্যক্রম পরিচালিত হবে। নিরীক্ষা দলের নিকট প্রকল্পের লেনদেনসহ সার্বিক কার্যক্রমের প্রমাণক উপস্থাপন করা হবে। নিরীক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত তথ্যাদি প্রস্তুত/হালনাগাদের নির্দেশনা প্রদান করা হলো:

ক্র: নং	খাতাপত্র/রেজিস্টারের বিবরণ
১	২০২১-২২, ২০২২-২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রকল্প সদর দপ্তর হতে খাত ভিত্তিক প্রাপ্ত অর্থের বিপরীতে ব্যয় বিবরণী
২	উপজেলার ৪টি ব্যাংক হিসাবের তালিকা এবং অর্থ বছর ভিত্তিক ব্যাংক স্টেটমেন্ট
৩	ক্যাশ বহি
৪	সাধারণ খতিয়ান
৫	বিল ভাউচার সমূহ
৬	চেক ইস্যু রেজিস্টার
৭	স্টক রেজিস্টার
৮	ডেড স্টক রেজিস্টার

এমতাবস্থায়, প্রকল্পের ২০২১-২২, ২০২২-২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরের হিসাব সংক্রান্ত যাবতীয় তথ্যাদি হালনাগাদ থাকতে হবে। এ সংক্রান্ত কোন স্পষ্টীকরণের প্রয়োজনীয়তায় প্রকল্পের হিসাবরক্ষক এর সাথে ফোন/মোবাইল ০২-৪১০১০৩৪২/০১৭১২-৪৮২৪৩০ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া, নিরীক্ষা সংক্রান্ত দিন ও তারিখ পরবর্তীতে অবহিত করা হবে।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন-০২-৪১০১০৩৪১

১। উপপরিচালক, বিআরডিবি, জেলা:.....(প্রকল্পভুক্ত ১৭টি জেলা)।

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (প্রকল্পভুক্ত সকল)
উপজেলা:.....জেলা:.....

সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. উপপ্রকল্প পরিচালক (অর্থ, হিসাব ও উন্নয়ন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা (পত্রের নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য)।
২. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), ইরেসপো, বিআরডিবি, ঢাকা (পত্রের নির্দেশনা তদারকির জন্য)।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. অফিস কপি।